তারিখ 2 0 JUL 2016
পৃষ্ঠা ১৮ কলাম ৪

যুগান্তর

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান

# শিক্ষকের শূন্যপদে আজ থেকে আবেদন

**যুগান্তর রিপোর্ট**

সারা দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রথমবারের মতো সরকার কর্তৃক শিক্ষক নিয়োগ কার্যক্রম আজ শুরু হচ্ছে। ইতিপূর্বে বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকের শূন্যপদের তালিকা প্রকাশ করা হয়েছে। আজ থেকে ওইসব শূন্যপদের বিপরীতে আবেদন গ্রহণ শুরু হবে। প্রার্থীরা অনলাইনে ১০ আগস্ট পর্যন্ত আবেদন করতে পারবেন।

আগ্রহী নিবন্ধন সনদধারীরা http://ngi.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে সংশ্লিষ্ট পদের জন্য আবেদন করবেন। আবেদনপত্র বাছাই শেষে মেধার ভিত্তিতে প্রতি পদের বিপরীতে নির্বাচিত প্রার্থীর তালিকা সুপারিশ করা হবে। ইতিপূর্বে শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, বিষয়ের মোট শূন্যপদের তুলনায় ২০ শতাংশ বেশি প্রার্থীকে মেধাতালিকায় স্থান দেয়া হবে। সেখান থেকে উপজেলার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রার্থী নিয়োগ করতে হবে। প্রতিটি আবেদনের জন্য ১৮০ টাকা ফি জমা দিতে হবে।